

প্রথম আলো

ছয় মাসে ২৪ এসএসসি পরীক্ষার্থী নিহত

নিজস্ব প্রতিবেদক, ঢাকা

০৫ মার্চ ২০১৮, ২১:২০
আপডেট: ০৫ মার্চ ২০১৮, ২১:২৮



সারা দেশে সড়ক দুর্ঘটনায় গত ছয় মাসে ২৪ জন এসএসসি পরীক্ষার্থী নিহত এবং ৬১ জন আহত হয়েছে। এর মধ্যে এসএসসি পরীক্ষা চলার সময়ে মারা গেছে নয়জন আজ সোমবার বাংলাদেশ যাত্রী কল্যাণ সমিতির এক প্রতিবেদনে এসব তথ্য তুলে ধরা হয়। বিভিন্ন গণমাধ্যমে প্রকাশিত সংবাদের ভিত্তিতে প্রতিবেদনটি তৈরি করা হয়েছে।

এবারের এসএসসির লিখিত পরীক্ষা শুরু হয় ১ ফেব্রুয়ারি। এরপর থেকে ২ মার্চ পর্যন্ত সড়ক দুর্ঘটনায় মারা গেছে নয়জন পরীক্ষার্থী। ৩ ফেব্রুয়ারি খুলনার বাটিয়াঘাটা ব মোটরসাইকেল নিয়ন্ত্রণ হারিয়ে নিহত হয় বটিয়াঘাটা হেডকোয়ার্টার পাইলট উচ্চবিদ্যালয়ের এসএসসি পরীক্ষার্থী সৌরভ।

৫ ফেব্রুয়ারি রাজশাহীর পুঁটিয়ায় পরীক্ষার কেন্দ্রে যাওয়ার পথে গাড়ির চাকায় পিট হয়ে পুঁটিয়া পিএন উচ্চবিদ্যালয়ের পরীক্ষার্থী মোস্তাফিজুর রহমান ও হাবিল উদ্দিন মার ঘটনায় মোস্তাফিজুর রহমানের বাবা আবদুল মোমিনও নিহত হন। ২ মার্চ খুলনা ডুমুরিয়ায় মাইক্রোবাস-মোটরসাইকেল মুখোমুখি সংঘর্ষে পরীক্ষার্থী মেহেদী হাসান নিহত দুর্ঘটনায় পরীক্ষার্থী মারা যাওয়া বন্ধে সমিতি কিছু সুপারিশ তুলে ধরেছে। যার মধ্যে প্রতিটি স্কুল-কলেজের ছাত্রছাত্রীদের সড়ক ব্যবহারে সচেতনতামূলক সভা করা, একঃ ওয়ার্টের মধ্যে পরীক্ষাকেন্দ্র স্থাপন, পরীক্ষার্থীদের কেন্দ্রে যাতায়াতের জন্য শিক্ষাপ্রতিষ্ঠান কর্তৃক যানবাহনের ব্যবস্থা করা, মোটরবাইক, ইজিবাইক, নিউমন-করিমনে পরীক্ষার্থী করা অন্যতম।

© স্বত্ত্ব প্রথম আলো ১৯৯৮ - ২০১৮

সম্পাদক ও প্রকাশক : মতিউর রহমান

সিএ ভবন, ১০০ কাজী নজরুল ইসলাম অ্যাভেনিউ, কারওয়ান বাজার, ঢাকা ১২১৫
ফোন : ৮১৮০০৭৮-৮১, ফ্যাক্স : ৯১৩০৪৯৬, ইমেইল : info@prothom-alo.info

